

## শ্রীশ্রীহরি সঙ্গীত

- ৬। অভিমানী কৰ্ম্মীজ্ঞানী, যারা বাকী ছিল।  
এবার প্রেম সাগরের, ঢেউ লাগিয়া তারা সব ডুবিল রে।।
- ৭। ডেকে বলে মহানন্দ, কি আনন্দ হল।  
এবার অস্থিনী বিহনে, প্রেমে জগৎ মাতিল রে।।

### ১১১ নং তাল-গড়খেমটা

- যে দিন গুরু কৃপা করেছে  
আমার ভ্রান্তি মসি, তমঃ নিশি, সেই দিন সুপ্রভাত হ'য়েছে।  
আমার হৃদাকাশে চিদানন্দ, রবি উদয় হয়েছে।।
- ১। হেরে আনন্দ ভাস্কর, ভয় পেয়ে ছয় রিপু তস্কর,  
ভেবে তারা বিষম দুষ্কর, হারে পলায়ে গিয়েছে।  
আমার হৃদ সরোজে, শান্তিময়ী পুষ্কর বিকাশ হয়েছে।।
- ২। পূর্বাঙ্ক কি সায়াঙ্ক, আমার সব ঘুচে হল মধ্যাঙ্ক,  
শ্রীগুরুর কৃপা ধন্য, সঙ্ঘ্যাকে বন্ধ্যা করেছে।  
তইতো না পেলাম ঠিক, সঙ্ঘ্যা আঙ্কিক, আত্মা তন্ময় হয়েছে।।
- ৩। পোহাল তমঃ নিশি, অনুরাগ এক সিংহ আসি,  
চিত্ত গিরি শৃঙ্গে বসি, হারে সে ছঙ্কারে করতেছে।  
আমার কাম ক্রোধরূপ, হস্তী শাদ্দুল ভয়ে পালায়ে গিছে।।
- ৪। হেরে সেই রূপের আলো, নিরানন্দ উলুক লুকাইল,  
জ্ঞান আত্মার মত্ততা গেল, জ্ঞান শূন্য বিরাগ এসেছে।  
তারা আলোক পেয়ে পুলক হয়ে, দৌঁহে নৃত্য করতেছে।।
- ৫। দয়াল মহানন্দ কয়, আমার হরি সূর্য হল উদয়,  
কু-আশা কু-তমঃ লুকায়, জীবের আর ভাবনা কি আছে।  
ভেবে অস্থিনী কয় হরি বিনে, ভবে বন্ধু কে আছে।।

### ১১২ নং তাল-আদা

গুরু পতির বসে বামে।

ও তোর এ দেহ দক্ষিণা দিয়ে, যেওনা দক্ষিণাশ্রমে।।